হে আল্লাহ! আপনি আমাকে দুশ্চরিত্র, অসৎ কর্ম, কু- প্রবৃত্তি ও রোগ-ব্যাধি থেকে দূরে রাখুন।

কুতবাহ ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, “হে আল্লাহ! আপনি আমাকে দুশ্চরিত্র, অসৎ কর্ম, কু-প্রবৃত্তি ও রোগ-ব্যাধি থেকে দূরে রাখুন।”
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

হাদীসটির মধ্যে রয়েছে কতক দো‘আ যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন। আর তা হলো আল্লাহ যেন তার মাঝে এবং চারটি বস্তুর মাঝে দূরত্ব তৈরি করেন। প্রথম: নিন্দনীয় ও খারাপ চরিত্র। দ্বিতীয়: গুনাহ। তৃতীয়: বিধ্বংসী কু-প্রবৃত্তি যার প্রতি আত্মা আকৃষ্ট হয়। চতুর্থ: মারাত্মক কঠিন ব্যাধি।

https://sunnah.global/hadeeth/bn/show/5329